

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট অনুবিভাগ
www.probashi.gov.bd

স্মারক -৪৯.০০.০০০০.২৩১.৩১.০০১.১৬- ২২৭

তারিখ: ২৬.০৫.২০১৬ খ্রি:।

বিষয় : ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযানের প্রতিবেদন।

তারিখ : ২৪ মে, ২০১৬ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা।

অভিযানকালে উপস্থিত সদস্যগণের তালিকা:

ক্রমিক কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল

- ১) জনাব মোঃ মোশাররফ হোসেন, উপসচিব (মনিটরিং), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) ফারজানা ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
- ৩) জনাব মোঃ অহিদুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক
- ৪) কর্মসংস্থান মন্ত্রণালয়
বেগম রুমানা রহমান শম্পা, সিনিয়র সহকারী সচিব ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও
- ৫) বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৬) জনাব মিজানুর রহমান ভূইয়া, জয়েন্ট সেক্রেটারী জেনারেল, বায়রা।

২। ২৪ মে ২০১৬ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) এবং ভিজিলেন্স টাস্কফোর্সের সভাপতি জনাব মোঃ আকরাম হোসেন এর অফিস কক্ষে (কক্ষ নং-৮০২) তাঁর সভাপতিত্বে ভিজিলেন্স টাস্কফোর্সের একটি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় টাস্কফোর্সের অভিযানের উদ্দেশ্য এবং অবৈধ অভিবাসী চিহ্নিতকরণের উপায় নির্ধারণ সংক্রান্ত বিভিন্ন দিক আলোকপাত করেন। সভায় অতিরিক্ত পুলিশ সুপার (ইমিগ্রেশন) উল্লেখ করেন যে বর্তমানে ভিজিট ভিসা, স্টুডেন্ট ভিসা এবং প্রফেশনাল ভিসা নিয়ে মালয়েশিয়া যাবার প্রবণতা অনেকাংশে কমে গেছে। মালদ্বীপে এমপ্লয়মেন্ট ভিসা এবং বিএমইটির ছাড়পত্র নিয়ে এখনও অনেক অদক্ষ কর্মী যাচ্ছে। তারা সেখানে অতি নিম্নমানের কাজের সাথে সম্পৃক্ত থাকে বিধায় দেশ কম রেমিটেন্স পাচ্ছে। মালদ্বীপে ভারতীয় এবং শ্রীলঙ্কান কর্মীগণ ভাল কাজের সাথে জড়িত। সভায় দেশ থেকে দক্ষ শ্রমিক প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।


৩। সভা শেষে তিনি উপস্থিত সদস্যগণকে নিয়ে অভিযান পরিচালনার জন্য কাকরাইল এবং পুরানা পল্টন এলাকায় নির্ধারিত কয়েকটি রিক্রুটিং এজেন্সির অফিসে হাজির হন। মন্ত্রণালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বেগম রুমানা রহমান শম্পা (সিনিয়র সহকারী সচিব) মোবাইল কোর্ট পরিচালনার জন্য যৌথভাবে অভিযানে অংশগ্রহণ করেন। গত ০৯ মার্চ ২০১৬ তারিখে সাপ্তাহিক 'প্রবাসী কণ্ঠ' নামক পত্রিকায় যথাক্রমে যৌথভাবে অননুমোদিতভাবে বিজ্ঞাপন প্রকাশ করায় 'দি ইফথি ইন্টারন্যাশনাল (আর.এল-১২১২)' ও 'দি ইফথি ওভারসীজ (আর.এল-৮৯৪)' এবং 'আল হারামাইন ওভারসীজ (আর.এল-১১১৬)' ও 'আল-মোবারক ইন্টারন্যাশনাল (আর এল-৫৪২) এ অভিযান চালানো হয়।

ক। 'দি ইফথি ইন্টারন্যাশনাল (আর.এল-১২১২) ও 'দি ইফথি ওভারসীজ (আর.এল-৮৯৪)': অভিযান পরিচালনাকালে রিক্রুটিং এজেন্সীর অংশীদার জনাব মোঃ হানিফ, পিতা-হাজী আবুল কাশেম জানান যে বিএমইটির অনুরোধক্রমে এবং পত্রিকার সাংবাদিকদের অনুরোধে তারা পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছেন। পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিষয়ে বিএমইটির কোন লিখিত নির্দেশ আছে কিনা তা তিনি দেখাতে পারেন নি। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩ সম্পর্কে জানা আছে কিনা এ বিষয়ে তিনি জানান যে আইন সম্পর্কে তার কম বেশী ধারণা আছে। উক্ত আইন অনুযায়ী পত্রিকায় মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত বিজ্ঞাপন প্রকাশ করা অপরাধ বিধায় মোবাইল কোর্ট কর্তৃক 'দি ইফথি ওভারসীজ (আর.এল-৮৯৪)'কে ৩০ (ত্রিশ) হাজার টাকা জরিমানা করা হয়। কর্মী প্রেরণের বিষয়ে ভবিষ্যতে পত্রিকায় বা অন্য কোনভাবে বিজ্ঞাপন প্রচার না করার জন্য এ রিক্রুটিং এজেন্সীকে সতর্ক করা হয়।

খ। 'আল হারামাইন ওভারসীজ (আর.এল-১১১৬)' ও 'আল-মোবারক ইন্টারন্যাশনাল (আর এল-৫৪২)': অভিযান পরিচালনাকালে রিক্রুটিং এজেন্সীর ম্যানেজিং পার্টনার জনাব রাফিক উদ্দিন আহমেদ জানান তার এজেন্সীর পক্ষে তার বন্ধু এবং অংশীদার জনাব আনোয়ার হোসেন এ বিজ্ঞাপনটি সাপ্তাহিক 'প্রবাসী কণ্ঠ' নামক পত্রিকায় প্রকাশ করেছেন। বিএমইটির অনুরোধে বিজ্ঞাপনটি পত্রিকায় প্রকাশ করা হয়েছে মর্মে তিনি জানান। তবে এ বিষয়ে তিনি কোন লিখিত আদেশ দেখাতে পারেন নি। তাদের 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' সম্পর্কে ভাল ধারণা নেই উল্লেখ করেন। উক্ত আইন অনুযায়ী মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা অপরাধ বিধায় মোবাইল কোর্ট কর্তৃক 'আল হারামাইন ওভারসীজ (আর.এল-১১১৬)'কে ৩০ (ত্রিশ) হাজার টাকা জরিমানা করা হয়। কর্মী প্রেরণের বিষয়ে ভবিষ্যতে পত্রিকায় বা অন্য কোনভাবে বিজ্ঞাপন প্রচার না করার জন্য এ রিক্রুটিং এজেন্সীকে সতর্ক করা হয়।

সুপারিশ:

- ১) টিটিসি'র মাধ্যমে দক্ষ শ্রমিক তৈরী এবং তাদেরকে বিদেশে প্রেরণ করার বিষয়ে বিএমইটি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।
- ২) পত্রিকায় বা অন্য কোনভাবে বিজ্ঞাপন প্রচারের বিষয়ে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(মোঃ আকরাম হোসেন)

যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)

ও

সভাপতি, ভিজিলেন্স টাস্কফোর্স (VTF)

ফোন: ৮৩৩৩৪২০।

তারিখ: ২৬.০৫.২০১৬ খ্রি:।

স্মারক -৪৯.০০.০০০০.২৩১.৩১.০০১.১৬- ১২৭


বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ জামাল হোসাইন, যুগ্মসচিব)।
- ২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃঃ আঃ উপসচিব)
- ৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা [দৃঃ আঃ উপসচিব (সিএ)]।

- ৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা
[দৃ: আ: জনাব মোহাম্মদ নুরুদ্দীন খান, পিবিজিএমএস, জি, অতিরিক্ত পরিচালক (সমন্বয়), বর্ডার গার্ড।]
- ৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
[দৃ: আ: জনাব মুহাম্মদ নূরে আলম সিদ্দিকী, উপ-পরিচালক (প্রশাসন)]।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, আগাঁরগাও, ঢাকা (দৃ: আ: জাজ এ্যাডভোকেট জেনারেল)।
- ৯। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব শাহজাহান, উপ পরিচালক, আইডি নং-এ০০৮২)।
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
- ১২। মহাপরিচালক, র‍্যাভ ফোর্স, সদর দপ্তর, ঢাকা।
- ১৩। অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
- ১৪। উপসচিব (মনিটরিং), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
- ১৫। সিনিয়র সহকারী সচিব, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬। মোঃ মাহাবুবুল আলম, সি: প্রোগ্রাম ম্যানেজার, উইন-রক ইন্টারন্যাশনাল, হাউজ নং-০২ (৩য় তলা), রোড নং-২৩/এ, গুলশান-১, ঢাকা।
- ১৭। জনাব শাকিল মনসুর, ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম), হাউজ # ১৩এ, রোড # ১৩৬, গুলশান-১, ঢাকা।
- ১৮। সভাপতি/মহাসচিব, বায়রা, ১৩০, নিউ ইস্কাটন, ঢাকা।
- ১৯। সভাপতি/মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), হুমায়ুন কোর্ট, এপার্টমেন্ট নং-২০৯ (৩য়) তলা, ২১, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২০। সভাপতি, ট্যুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ, ৫/২(১ম তলা), সংসদ এভিনিউ, মনিপুরীপাড়া, ঢাকা।
- ২১। সভাপতি, হজ্জু এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার (১৬তম, ভিক্টরি হোটেল লিঃ), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০।
- ২২। জনাব শেখ মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
- ২৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
- ২৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি : কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।


 (মোঃ মোশাররফ হোসেন)
 উপসচিব (এনফোর্সমেন্ট)
 ফোন: ৯৩৫৭১০৮

ই-মেইল: musha9166@yahoo.com